বাংলাদেশ কৃষি ব্যাংক
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ
প্রধান কার্যালয়, ৮৩-৮৫, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০ ।

ফোন ঃ ০২২২৩৩৫৮৬৮১,
ই-মেইলঃ dgmtrade@krishibank.org.bd
ওয়েবঃ www.krishibarik.org.bd
SWIFT : BKBABDDH

আন্তর্জাতিক ও হিসাব সার্কুলার লেটার নং ০৩/২০২৫-২৬ তারিখঃ ১৫.০৬.২০২৬

মহাব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক,
স্থানীয় মুখ্য কার্যালয়,
উপমহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক,
সকল অনুমোদিত ডিলার শাখা ।

**বিষয়ঃ “Bangladesh Bank-Authorized Dealers’Forum”এর ৪০ তম সভার রেকর্ড নোটস্ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং এফইপিডি (এফইএমপি) ৩৪/২০২৬-২৬৩, তারিখ ০৪.০৩.২০২৬ এবং তৎসংগে সংযুক্ত Bangladesh Bank Authorized Dealers’ Forum এর বিগত ০২.০২.২০২৬ তারিখে অনুষ্ঠিত ৪০তম সভার সিদ্ধান্ত সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ( কপি সংযুক্ত) ।

০২। উক্ত বিবি-এডি ফোরামের ৪০তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য বিকেবির সকল এডি শাখাকে নির্দেশনা প্রদান করা হলো ঃ

**ক) জাপানের নিকট হতে Preferential Tariff Treatment সুবিধা প্রাপ্তি প্রসঙ্গে ঃ**

জাপান Generalized System of Preferences (GSP)-এর আওতায় উন্নয়নশীল দেশসমূহ এবং Least Developed Countries (LDC)-কে Preferential Tariff Treatment প্রদান করছে এবং Temporary Tariff Measures Law-এ সংস্কার এনে তা World Trade Organization কে Notify করেছে। উক্ত Notification মোতাবেক জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক LDC চিহ্নিত দেশসমূহের মত বাংলাদেশও Special Preferential Treatment for LDCs প্রাপ্য হবে এবং বাংলাদেশ LDC তালিকা হতে উত্তরণ করলেও উত্তরণের তারিখ হতে পরবর্তী সর্বোচ্চ ৩ বছরের জন্য জাপান কর্তৃক প্রদত্ত সুবিধাটি অব্যহত থাকবে।

**খ) শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কার্গো ভিলেজে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত আমদানিকৃত মালামালের L/C- এর বিপরীতে Bill of Entry ব্যতীত পেমেন্ট রিলিজের জন্য বিশেষ অনুমোদন প্রসঙ্গেঃ**

এফই সার্কুলার নং তারিখ ৩৩ ১৪-০৮-২০২৫ এর ৩৩ নং অনুচ্ছেদে প্রদত্ত নির্দেশনার আলোকে সিদ্ধান্ত প্রদান করা হয়েছে যে, শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো ভিলেজে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত আমদানি পণ্যের মূল্য প্রচলিত ব্যবস্থার আওতায় পরিশোধ/নিষ্পত্তি করতে হবে এবং বিল অব এন্ট্রি নিষ্পত্তির সাথে মূল্য পরিশোধের বিষয়কে সংশ্লিষ্ট করা যাবে না। এছাড়া অহেতুক অজুহাত দেখিয়ে আমদানি মূল্য পরিশোধ করা হতে বিরত থাকা যাবে না।

**গ) শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সংঘটিত সাম্প্রতিক অগ্নিকান্ডের কারণে বিল অব এন্ট্রি দাখিলের সময় বর্ধিতকরণ সংক্রান্ত আবেদন দাখিল প্রসঙ্গেঃ**

এফই সার্কুলার-৩০/২০২৫ এর ৩১(৩) ধারায় বর্ণিত নির্দেশনার আলোকে আইএমপির বিপরীতে সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি নির্ধারিত সময়ে দাখিল করা সম্ভবপর না হলে বিল অব এন্ট্রি দাখিলের সময়সীমা বর্ধিতকরণের জন্য এফইওডি-তে আবেদন জানানোর আবশ্যকতা রয়েছে। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সংঘটিত সাম্প্রতিক অগ্নিকান্ডে পুড়ে যাওয়া আমদানি পণ্যের বিল অব এন্ট্রি দাখিলের সময় বর্ধিতকরণ সংক্রান্ত আবেদন যথাযথভাবে নিষ্পত্তিপ্রদানের লক্ষ্যে দাখিলের সময়সীমা উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ১০ (দশ) কার্যদিবস পূর্বে আবেদন করতে হবে।

ঘ) **বিল অব এন্ট্রি এক্সটেনশন এবং বিল অব এন্ট্রি ওয়েভার রিকোয়েস্টগুলোর অনুমোদন প্রসঙ্গে ঃ**

১৮ই অক্টোবর, ২০২৫ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অগ্নিকান্ডের প্রেক্ষাপটে অগ্নিকান্ডে পুড়ে যাওয়া আমদানি পণ্যের বিল অব এন্ট্রি এক্সটেনশন অথবা সাবমিশন থেকে অব্যাহতি পাওয়ার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক ,ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট-১ এর পত্র নং-এফইওডি-১/ইমপোর্ট ট্রেড/ ০১/ ২০২৬-১০০, তারিখ- ১৪ জানুয়ারি, ২০২৬ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে ।

ঙ) **GFET-2018, Vol-1, Chapter-18, Section-II, 14 (i) এর নির্দেশনা অনুযায়ী সাধারণ বীমা কর্পোরেশন হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তি প্রসঙ্গেঃ**

বীমা কর্পোরেশন আইন-২০১৯, ধারা-১৭ অনুযায়ী, Facultative Re-insurance এর ক্ষেত্রে পুনঃবীমাযোগ্য অংশের ৫০% সাধারণ বীমা কর্পোরেশন (SBC) এর নিকট ও অবশিষ্ট ৫০% উক্ত কর্পোরেশন বা বাংলাদেশের অভ্যন্তরে বা বাইরে অবস্থিত অন্য বীমার নিকট করতে পারবে । এ প্রেক্ষিতে এডি ব্যাংকসমূহ GFET-2018, Vol -1, Chapter-18, Section-II, 14 (i)- এর নির্দেশনা অনুযায়ী Facultative Reinsurance এর ক্ষেত্রে পুনঃবীমা যোগ্য অংশের ৫০% SBC এর সাথে করা হয়েছে বিধায় SBC হতে ইস্যুকৃত প্রত্যয়নপত্র প্রাপ্তি সাপেক্ষে Facultative Re-insurance premium খাতে বৈদেশিক মুদ্রা ছাড় করতে পারবে ।

চ) **বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্রের পলিসি মেয়াদের সাথে বিদেশী বীমা কোম্পানির নিকট হতে গৃহীত পলিসির মেয়াদে মিল না থাকা প্রসঙ্গেঃ**

বীমা আইন, ২০১০ এর ১৯ নং অনুচ্ছেদ অনুসারে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রে উল্লেখিত পলিসির মেয়াদের সাথে কোন কোন ক্ষেত্রে বিদেশী বীমা কোম্পানির নিকট হতে গৃহীত পলিসির মেয়াদে মিল থাকে না ফলে কেইস নিষ্পত্তিতে বিলম্ব হয় । এমতাবস্থায়, এডি ব্যাংক সমূহকে ইন্স্যুরেন্স প্রিমিয়াম প্রেরণের পূর্বানুমোদনের জন্য আবেদনের পূর্বে IDRA কর্তৃক এর অনাপত্তি পত্রের পলিসি মেয়াদের সাথে গৃহীত পলিসির মেয়াদের কোন অসংগতি যেন না থাকে তা যাচাইপূর্বক বাংলাদেশ ব্যাংকে আবেদনপত্র প্রেরণ করতে হবে ।

ছ) **এফই সার্কুলার নং-৩৭; তারিখ ৩০ সেপ্টেম্বর ২০২৫, অনুচ্ছেদ ৬১ এবং অনুচ্ছেদ ৫৮(২ ক) প্রসঙ্গে ঃ**

সরকারি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কেবলমাত্র নিজ প্রকল্পের কনসালটেন্সি ফি, ব্যবস্থাপনা ফি ও সংশ্লিষ্ট অন্যান্য সেবার ফি নিজে বিদেশে পেমেন্ট করতে পারবে । এক্ষেত্রে এফই সার্কুলার নং-৩৭/২০২৫ এর ৬১ নম্বর অনুচ্ছেদের এর নির্দেশনা পরিপালন করতে হবে । ব্যাংকের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার নিমিত্ত বিভিন্ন Subscriptions/Charges প্রদানের ক্ষেত্রে এফই সার্কুলার নং-৩৭/২০২৫ এর ৫৮(২) অনুচ্ছেদের নির্দেশনা পরিপালন করতে হবে ।

জ) **সাপ্লায়ার্স ক্রেডিট-এর ক্ষেত্রে বিল অব এন্ট্রি জমাদানের সময়সীমা OIMS এ সার্কুলার মোতাবেক করা প্রসঙ্গে ঃ**

সাপ্লায়ার্স ক্রেডিট-এর ক্ষেত্রে বিল অব এন্ট্রি জমাদানের সময়সীমা হবে আমদানি ডকুমেন্টস এর Acceptance/স্বীকৃতির তারিখ থেকে ৪(চার) মাস । এক্ষেত্রে বিল অব এন্ট্রি নিষ্পত্তির বিষয়ে এফই সার্কুলার নং-৩৩/২০২৫ এর ২৯(২) অনুচ্ছেদ ও গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন, ভলিউম-২ এর ২১(এ) (iii) অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করতে হবে। Acceptance/স্বীকৃতি প্রদানের তারিখটি OIMS এ আইএমপি ফরম (ডামি) এর মাধ্যমে রিপোর্ট করতে হবে ।

ঝ) **Local Sales Contract এর বিপরীতে Deemed Exporter কর্তৃক তাদের কাঁচামাল ক্রয়ের জন্য Local BTB/EDF এলসি ওপেনের সুবিধা প্রদান ও এরূপ চুক্তির বিপরীতে প্রাপ্ত Export Proceeds এর ক্ষেত্রে Deemed Exporter দের ERQ সুবিধা প্রসঙ্গেঃ**

Direct Exporter (Non EPZ এরিয়ায় অবস্থিত) কর্তৃক Deemed Exporter এর অনুকূলে ইস্যুকৃত Local Sales Contract এর বিপরীতে Deemed Exporter দের জন্য BTB/EDF এলসি ওপেনের সুবিধা স্থানীয় কিছু ব্যাংক কর্তৃক প্রদান করা হয়। বিদ্যমান ব্যবস্থায় অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র ছাড়া Sales Contract এর আওতায় Direct Exporter কর্তৃক Deemed Exporter এর অনুকূলে Local BTB/EDF সুবিধা প্রদান প্রাধিকারভুক্ত নয় এবং লেনদেন সম্পাদন না হলে ERQ সুবিধা প্রদানের সুযোগ নাই ।

ঞ) **ডায়াগনস্টিক রিয়েজেন্ট (ইন-ভিট্রো) শ্রেণীর পণ্য আমদানির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রসঙ্গে ঃ**

ডায়াগনস্টিক রিয়েজেন্ট (ইন-ভিট্রো) শ্রেনীর পণ্য আমদানির ক্ষেত্রে "ঔষধ ও কসমেটিকস আইন-২০২৩" এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে। উক্ত আইনের ১ম অধ্যায়, ২য় অনুচ্ছেদ এর ৫ম উপ-অনুচ্ছেদ (খ) এবং ৩৩তম উপ-অনুচ্ছেদ এর ধারা মোতাবেক মেডিকেল ডিভাইস কে ঔষধ হিসেবে গণ্য করা হয়েছে ও ডায়াগনস্টিক রিয়েজেন্টসমূহকে (in vitro, in vivo and in silico reagent) মেডিকেল ডিভাইস এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত আইনের ৭ম অধ্যায়, ৪১তম অনুচ্ছেদ এর ১ম উপ-অনুচ্ছেদ মোতাবেক লাইসেন্স ব্যতিত বা লাইসেন্সে আরোপিত শর্ত বহির্ভূতভাবে কোনো ধরনের ঔষধ আমদানি করা যাবে না এবং ২য় উপ-অনুচ্ছেদ মোতাবেক লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে কোনো ধরনের নিবন্ধিত ঔষধ আমদানি করা যাবে না।

ট) **বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত Leaflet এবং Foreign Investment and Financing Portal প্রসঙ্গে ঃ**

প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ (FDI) আকৃষ্ট করা ও ব্যবসা করার সহজতা (ease of doing business) নিশ্চিতকরণের প্রয়াসে সম্ভাব্য ও সক্রিয় বিনিয়োগকারীদের নিকট বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি এবং সংশ্লিষ্ট সার্কুলারসমূহের সহজ প্রাপ্যতা নিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে সম্প্রতি Foreign Investment and Financing Portal নামে একটি ওয়েব পোর্টাল সংযুক্ত করা হয়েছে। এ বিষয়ে অধিকতর সচেতনতা ও তথ্য প্রাপ্তি সহজীকরণে ওয়েব পোর্টালে সংযুক্ত বিষয়াবলির সারসংক্ষেপ নিয়ে বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ কর্তৃক অক্টোবর-২০২৫ এ একটি Leaflet প্রস্তুত করা হয়েছে। উক্ত Leaflet ও পোর্টালের লিংক তফসিলি ব্যাংকসমূহের ফেইসবুক পেইজসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রদর্শন/শেয়ার করা এবং ওয়েবসাইটে সংযোজনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

অনুমোদনক্রমে,

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

১৫/০৬/২০২৬

(সৈয়দ লিয়াকত হোসেন)
উপমহাব্যবস্থাপক

---

আঃবাঃবিঃ১(০৫)/২০২৫-২০২৬/১৪৩২ তারিখ ঃ ১৫.০৬.২০২৬

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(ই-মেইলে)অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **(উপমহব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। পাশাপাশি অনুচ্ছেদ নং "ট" তে বর্ণিত বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত Leaflet এবং Foreign Investment and Financing Portal এর লিংক ব্যাংকের ওয়েব সাইটে সংযোজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্যও অনুরোধ করা হলো।)**
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/ মহানথি।

15.06.20

(তাসিফ তানহা চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক